


আদমি প্রকল্পের অন্তর্গত ভূপৃষ্ঠে জলবাহিত সেচ
প্রকল্পের দ্বারা সেচকার্যে জলের সংরক্ষনের জন্য
চেকড্যাম উপপ্রকল্প (CHECK DAM) নির্মাণে জল
ব্যবহারকারী সমিতির সদস্যদের ভূমিকা।



OFFICE OF THE PROJECT DIRECTOR
SPMU, WBADMI PROJECT

আদমি প্রকল্পের অন্তর্গত ভূপৃষ্ঠে জলবাহিত সেচ প্রকল্পের দ্বারা সেচকার্যে জলের সংরক্ষনের জন্য চেক ড্যাম জলাধার উপপ্রকল্পের কাজ চলাকালীন জলব্যবহারকারী সমিতির করণীয় বিষয় গুলো নিম্নে প্রদত্ত হইল :-

১. চেক ড্যামের কাজ শুরুর আগে প্রকল্পটি সম্পর্কিত নিম্নলিখিত তথ্য অফিস থেকে সংগ্রহ করতে হবে।

ক) মৌজা এবং জে.এল. নং মিলিয়ে নেওয়া।

খ) প্লট নং এবং Latitude/Longitude মিলিয়ে নেওয়া।

গ) সেচ সেবিত জমির পরিমাপ সম্পর্কিত তথ্য।

ঘ) প্রকল্পের ড্রয়িং বা নক্সা।

২. চেক ড্যামের বেডের জন্য যে মাটি কাটা হবে তার লম্বা, চওড়া ও গভীরতা লেআউট ড্রয়িং অনুযায়ী মিলিয়ে নিতে হবে। কাটা মাটি চেক ড্যামের বাঁধ নির্মাণের কাজে ব্যবহার করে অতিরিক্ত মাটি বাঁধের থেকে (কমপক্ষে ২.৫ মিটার) দূরে ফেলতে হবে যাতে তা জলের সঙ্গে বা বর্ষায় পুনরায় চেক ড্যামে ফিরে না আসে। সিডিউল/ ড্রয়িং থেকে প্রয়োজনীয় তথ্য দেখে নিতে হবে।

৩. মাটি কাটার পর যদি দেখা যায় যে ভিতের নিচের মাটি নরম আছে তাহলে ইঞ্জিনিয়ারকে দেখিয়ে প্রয়োজনীয় সুরক্ষার ব্যবস্থা করতে হবে। চেক ড্যামের বেড বালি দিয়ে সিডিউল/নক্সা অনুযায়ী পূরন করে প্রয়োজনীয় জল দিয়ে কমপ্যাকশন করতে হবে।

৪. অতঃপর বোল্ডার বা ঝামা ইট সিডিউল/ড্রয়িং অনুযায়ী Lay করতে হবে। তার ওপর বালি দিয়ে পূরন করতে হবে। এবার বেডে ঢালাই (PCC) এর কাজ করার জন্য সিডিউল/ড্রয়িং অনুযায়ী ঢালাই এর গভীরতা এবং সিমেন্ট, বালি ও পাথরের আনুপাত দেখে নিতে হবে।

৫. অতঃপর সিডিউল/ড্রয়িং অনুযায়ী (RCC) ঢালাই দেখে নিতে হবে।

Any

নোংরা ও অপরিষ্কার জল দিয়ে ঢালাই করা যাবে না। নোংরা ও অপরিষ্কার জলে কাজ করলে তা বেশীদিন টিকসই হবে না। ঢালাইয়ের স্টিলে যেন মরিচা (Rust) না থাকে এবং লোহার রড Lay করার সময় সিডিউল/ড্রয়িং অনুযায়ী কংক্রীট এর কভার এবং রডের spacing দেখে নিতে হবে। তাছাড়া প্রতিটি কাটা রডের জন্য ল্যাপের দৈর্ঘ্য (Lap length) ঠিকঠাক সিডিউল/ড্রয়িং অনুযায়ী দিতে হবে। শূন্য কংক্রিটে জল মেশানোর পর ১ (এক) ঘন্টার মধ্যে যেন ব্যবহার করা হয়। কংক্রিটের কাজ করার সময় যথাযথ ভাবে যেন আইব্রেটর ব্যবহার করা হয় এবং দেখতে হবে ঢালাই এর কাঁচা কংক্রিটে যেন জলের ভাগ খুব বেশি না থাকে। কংক্রিটের কাজ করার ১ (এক)দিন পর থেকে কংক্রিটে যেন দিনে দুবেলা জল দেওয়া হয়।

৬. চেক ড্যামে জল প্রবাহের উপরের দিক (upstream) ও প্রবাহের নীচের দিক (downstream) দুদিকেই কাট অফ ওয়াল থাকবে। কাট অফ ওয়ালের দৈর্ঘ্য, প্রস্থ ও গভীরতা ড্রয়িং অনুযায়ী দিতে হবে। upstream -এর cut off আগে এবং downstream -এর cut off পরে ঢালাই করতে হবে।

৭. যে কোন ঢালাই করার আগে সাময়িক কাঠের/স্টিল এর পরিকাঠামো তৈরী করে তা ঢালাই এর সময় টাইট আছে কিনা তা দেখে নিতে হবে যাতে ঢালাই এর সময় তা খুলে না যায়। এবং দেখতে হবে (side shuttering) কমপক্ষে একদিন আগে খোলা না হয়।

৮. খালের দুদিকের ঢাল বরাবর বোন্ডার Lay করতে হবে। বালি এবং ছোটো পাথর দিয়ে মধ্যবর্তী ফাঁকা জায়গা গুলো পূরণ করে তাতে জল দিয়ে ভালো করে বসাতে হবে যাতে পরে তা বসে না যায় এরপর বোন্ডারের ফাঁকা জায়গায় ককিং (caulking) করতে হবে। প্রয়োজনীয় সিমেন্ট ও বালি অনুপাত সিডিউল/ড্রয়িং থেকে দেখে নিতে হবে।